

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৪৫]

৭/ তায়াম্মুম (كتاب التيمم)

পরিচ্ছেদঃ ২৩৯। জুনুবী ব্যক্তির রোগ বৃদ্ধির, মৃত্যুর বা তৃষ্ণার্ত থেকে যাওয়ার আশক্ষা বোধ হলে তায়াম্মুম করা।

باب إِذَا خَافَ الْجُنُبُ عَلَى نَفْسِهِ الْمَرَضَ أَوِ الْمَوْتَ أَوْ خَافَ الْعَطَشَ، تَيَمَّمَ

আরবী

حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ، قَالَ حَدَّثَنَا مُحَمَّدٌ ـ هُوَ غُنْدَرٌ ـ عَنْ شُعْبَةَ، عَنْ سُلَيْمَانَ، عَنْ أَبِي وَائِلٍ، قَالَ قَالَ أَبُو مُوسَى لِعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ إِذَا لَمْ يَجِدِ الْمَاءَ لاَ يُصلِّي. قَالَ عَبْدُ اللَّهِ لَوْ رَخَّصنْتُ لَهُمْ فِي هَذَا، كَانَ إِذَا وَجَدَ أَحَدُهُمُ الْبَرْدَ قَالَ هَكَذَا ـ يَعْنِي تَيَمَّمَ وَصلَّى ـ قَالَ قُلْتُ فَأَيْنَ قَوْلُ عَمَّارٍ لِعُمَرَ قَالَ إِنِّي لَمْ أَرَ عُمَرَ قَنِعَ بِقَوْلِ عَمَّارٍ.

বাংলা

وَيُذْكَرُ أَنَّ عَمْرَو بْنَ الْعَاصِ أَجْنَبَ فِي لَيْلَةٍ بَارِدَةٍ فَتَيَمَّمَ وَتَلاَ: (وَلاَ تَقْتُلُوا أَنْفُسَكُمْ إِنَّ اللَّهَ كَانَ بِكُمْ رَحِيمًا) فَذَكَرَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يُعَنِّفْ

বর্ণিত আছে যে, এক শীতের রাতে আমর ইবনু'ল 'আস (রাঃ) জুনুবী হয়ে পড়লে তায়াম্মুম করলেন। আর (এ প্রসঙ্গে) তিনি এই আয়াত তিলাওয়াত করলেনঃ তোমরা নিজেদের হত্যা করো না, নিশ্চই আল্লাহ তোমাদের প্রতি পরম দয়ালু। (৮ : ২৯)

এরপর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বিষয়টি উল্লেখ করা হলে তিনি তাকে দোষারোপ করেননি।

৩০৮। বিশর ইবনু খালিদ (রহঃ) আবূ ওয়াইল (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আবূ মূসা (রাঃ) 'আবদুল্লাহ ইবনু মাস'উদ (রাঃ)-কে জিজ্ঞেস করলেনঃ (জুনুবী) পানি না পেলে কি সালাত (নামায/নামাজ) আদায় করবে না? 'আবদুল্লাহ (রাঃ) বললেনঃ হ্যাঁ' আমি এক মাসও যদি পানি না পাই তবে সালাত আদায় করব না। এ ব্যাপারে লোকদের যদি অনুমতি দেই তা হলে তাঁরা একটু শীত বোধ করলেই এরূপ করতে থাকবে। অর্থাৎ তায়াম্মুম করে সালাত আদায় করবে। আবূ মূসা (রাঃ) বললেনঃ তাহলে উমর (রাঃ)-এর সামনে 'আম্মার (রাঃ)-এর কথার তাৎপর্য কি হবে? তিনি উত্তরে বললেনঃ উমর (রাঃ) আম্মার (রাঃ)-এর কথায় সম্ভষ্ট হয়েছেন বলে আমি মনে করি না।



English

Narrated Abu Wail: Abu Muisa said to'Abdullah bin Mas'ud, "If one does not find water (for ablution) can he give up the prayer?" Abdullah replied, "If you give the permission to perform Tayammum they will perform Tayammum even if water was available if one of them found it cold." Abu Musa said, "What about the statement of 'Ammar to 'Umar?" 'Abdullah replied, "Umar was not satisfied by his statement."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু ওয়াইল (রহঃ)

